[redacted]

[redacted]

[redacted]

[

[redacted]

[redacted] [redacted] [redacted] [

সুযোগ

নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করেছে প্রাণ আরএফএল গ্রুপ। প্রতিষ্ঠানটিতে ডট নেট ডেভেলপার পদে নিয়োগ দেওয়া হবে। আগ্রহী যোগ্য প্রার্থীরা অনলাইনে আবেদন করতে পারবেন।

পদের নাম

ডট নেট ডেভেলপার।

শিক্ষাগত যোগ্যতা

স্বীকৃত যেকোনো বিশ্ববিদ্যালয় থেকে কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বিষয়ে বিএসসি পাস প্রার্থীরা আবেদন করতে পারবেন। এসএসপি ডট নেট এমভিসি, বুটস্ট্রাপ, সিএসএস, এইচটিএমএল, জাভাস্ক্রিপ্ট, এসকিউএল সার্ভার, ওয়েব এপিআই প্রভৃতি সম্পর্কে ধারণা থাকতে হবে। এক থেকে তিন বছরের কাজের পূর্ব অভিজ্ঞতা থাকতে হবে। সফটওয়্যার ডিজাইন, ডেভেলপমেন্ট

অ্যান্ড টেস্টিং মেথলোজি সম্পর্কে সম্যক ধারণা থাকতে হবে। জিআইটি নির্ভর কন্ট্রোল সিস্টেম সম্পর্কেও জানাশোনা থাকতে হবে। এছাড়াও অ্যালগরিয়া সার্চ ইঞ্জিন, এসইএস ইন্টিগ্রেশন, ফেসবুক পিক্সেল, গুগল মার্চেন্ট সেন্টারের কাজ জানতে হবে।

কর্মস্থল

সারা দেশ (প্রতিষ্ঠান নির্ধারিত)।

বেতন

আলোচনা সাপেক্ষে। কোম্পানি নীতিমালা অনুসারে মোবাইল বিল, দুপুরের খাবার, বাৎসরিক বেতন বৃদ্ধি ও বছরে দুইটি উৎসব ভাতা প্রদান করা হবে।

আবেদনের প্রক্রিয়া

প্রার্থীরা বিডিজবস অনলাইনে আবেদন করতে পারবেন।

আবেদনের শেষ তারিখ

১৫ ফেব্রুয়ারি, ২০২২।

সূত্র : বিডিজবস

একাধিক দেশে নিয়োগ দেবে ইউএস-বাংলা এয়ারলাইন্স

জনবল নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশ করেছে বেসরকারি বিমান সংস্থা ইউএস-বাংলা এয়ারলাইন্স। প্রতিষ্ঠানটিতে ম্যানেজার (কাস্টোমার সার্ভিস) পদে নিয়োগ দেওয়া হবে। আগ্রহী যোগ্য প্রার্থীরা আবেদন করতে পারবেন।

পদের নাম

ম্যানেজার (কাস্টোমার সার্ভিস)।

যেসব দেশে নিয়োগ দেওয়া হবে

ইউএই (দুবাই, শারজাহ, আবুধাবি, রাস আল খাইমাহ), ওমান (মাস্কাট), কাতার (দোহা), মালয়েশিয়া (কুয়ালালামপুর), সিঙ্গাপুর, থাইল্যান্ড (ব্যাংকক), ভারত (কলকাতা ও চেন্নাই), চীন (গুয়াংজু), মালদ্বীপ (পুরুষ) ও শ্রীলঙ্কা (কলম্বো)।

শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা

স্বীকৃত যেকোনো শিক্ষাপ্রতিষ্ঠান থেকে যেকোনো বিষয়ে স্নাতক পাস প্রার্থীরা আবেদন করতে পারবেন। সংশ্লিষ্ট হোস্ট দেশ বা অঞ্চলে সমমান পদে যেকোনো এয়ারলাইন্স বা ট্রাভেল এজেন্সিতে চার থেকে পাঁচ বছর কাজের অভিজ্ঞতা থাকতে হবে। স্থানীয় ভাষা জানা থাকলে অতিরিক্ত যোগ্যতা হিসেবে গণ্য করা হবে। এছাড়াও দেশসমূহের ড্রাইভিং লাইসেন্স থাকলে বাড়তি সুবিধা যোগ করা হবে। অনূর্ধ্ব ৪৫ বছর বয়স পর্যন্ত আবেদন করা যাবে।

বেতন

২০০০-২২০০ ইউএস ডলার ।

আবেদনের প্রক্রিয়া

শুধুমাত্র স্বস্ব স্টেশন/ অঞ্চলে বসবাসকারী যোগ্য বাংলাদেশি নাগরিকদের সিভি পাঠাতে অনুরোধ করা হয়েছে। সিভি পাঠানো যাবে (career@usbair.com)-এ ইমেইল ঠিকানায়।

আবেদনের শেষ তারিখ

২০ ফেব্রুয়ারি, ২০২২।

সূত্র : ঢাকা পোস্ট

১৫ হাজার শিক্ষক নিয়োগ দেবে এন টি আর সি এ

নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করেছে বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ), মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা মন্ত্রণালয়। স্কুল, কলেজ, মাদ্রাসা, কারিগরি ও ব্যবসায় ব্যবস্থাপনা শিক্ষাপ্রতিষ্ঠানে মোট ১৫১৬৩ জন শিক্ষক নিয়োগ দেওয়া হবে। আগ্রহী যোগ্য প্রার্থীরা অনলাইনে আবেদন করতে পারবেন।

পদের নাম:

শিক্ষক (এমপিও ১২৮০৭ ও নন-এমপিও ২৩৫৬)।

পদসংখ্যা: মোট ১৫১৬৩ জন।

শিক্ষাগত যোগ্যতা:

প্রার্থীকে এনটিআরসিএ কর্তৃক সংশ্লিষ্ট বিষয়ে নিবন্ধনধারী এবং সমন্বিত মেধা তালিকাভুক্ত হতে হবে। এছাড়াও মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক এবং কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগ থেকে জারিকৃত সর্বশেষ জনবল কাঠামো অনুযায়ী কাম্য শিক্ষাগত যোগ্যতা থাকতে

হবে। এছাড়াও বিজ্ঞপ্তিতে বর্ণিত পদ অনুসারে যোগ্যতা পূরণ সাপেক্ষে প্রার্থীরা বিভিন্ন পদে আবেদন করতে পারবেন।

বয়সসীমা:

১ জানুয়ারি ২০২০ তারিখে ৩৫ বছর বা তার কম হতে হবে। তবে ২০১৮ সালের ১২ জুনের আগে যাঁরা শিক্ষক নিবন্ধন সনদ পেয়েছেন, তাঁদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য।

আবেদন ফি: ১০০/-টাকা।

আবেদনের প্রক্রিয়া:

আগ্রহী প্রার্থীদের অনলাইনের (http://ngi.teletalk.com.bd) মাধ্যমে আবেদন করতে হবে।

আবেদনের শেষ তারিখ:

২২ ফেব্রুয়ারি, ২০২২।

সূত্র : www.ntrca.gov.bd।

নতুনদের নিয়োগ দেবে চ্যানেল টোয়েন্টিফোর

নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করেছে চ্যানেল টোয়েন্টিফোর। প্রতিষ্ঠানটি অ্যাসিস্ট্যান্ট (ষ্টোর) পদে নিয়োগ দেবে। আগ্রহী যোগ্য প্রার্থীরা আবেদন করতে পারেন।

পদের নাম: অ্যাসিস্ট্যান্ট (ষ্টার)।

শিক্ষাগত যোগ্যতা:

প্রার্থীকে যেকানো বিষয়ে স্নাতক পাস হতে হবে। অভিজ্ঞ প্রার্থীদের জন্য শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য। প্রার্থীর দুই

থেকে তিন বছরের অভিজ্ঞতা থাকতে হবে। ফ্রেশ গ্র্যাজুয়েটরাও আবেদন করতে পারেন। বয়স ২২ থেকে ৩২ বছর হতে হবে। পুরুষ প্রার্থীরা আবেদন করতে পারবেন।

কর্মস্থল: ঢাকা।

বেতন: আলোচনা সাপেক্ষে।

আবেদনের প্রক্রিয়া

আগ্রহীরা জীবনবৃত্তান্ত পাঠাবেন admin24@channel24bd.tv এই ই-মেইলে।

আবেদনের শেষ সময়:

আগ্রহীরা আবেদন করতে পারবেন ১৫ ফেব্রুয়ারি, ২০২২ পর্যন্ত।

সূত্র : বিডিজবস

ঢাকায় নিয়োগ দেবে বাংলাদেশ হোন্ডা, থাকছে পারফরম্যান্স বোনাস

নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করেছে বাংলাদেশ হোন্ডা প্রাইভেট লিমিটেড। প্রতিষ্ঠানটিতে ‘অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার’ পদে নিয়োগ দেওয়া হবে। আগ্রহী যোগ্য প্রার্থীরা অনলাইনে আবেদন করতে পারবেন।

পদের নাম

অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার – করপোরেট সেলস।

শিক্ষাগত যোগ্যতা

স্বীকৃত যেকোনো শিক্ষাপ্রতিষ্ঠান থেকে মেক্যানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিষয়ে বিএসসি অথবা যেকোনো বিষয়ে এমবিএ পাস

প্রার্থীরা আবেদন করতে পারবেন। পাশাপাশি সংশ্লিষ্ট ক্ষেত্রে প্রার্থীর ন্যূনতম ছয় থেকে আট বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। করপোরেট সেলস অ্যান্ড মার্কেটিং বিষয়ে জানাশোনা থাকতে হবে। অটোমোবাইল ব্যবসায় সংক্রান্ত কাজে অভিজ্ঞ হতে হবে।

কর্মস্থল

ঢাকা।

বেতন

আলোচনা সাপেক্ষে। মোবাইল বিল, পারফরম্যান্স বোনাস, প্রভিডেন্ট ফান্ড, গ্র্যাচুইটি, লাঞ্চের সুবিধা, বার্ষিক বেতন রিভিউ, উৎসব ভাতা ও চিকিৎসা বিমা প্রদান করা হবে।

আবেদন প্রক্রিয়া

প্রার্থীরা বিডিজবস অনলাইনের মাধ্যমে আবেদন করতে পারবেন।

আবেদনের শেষ তারিখ

২০ ফেব্রুয়ারি, ২০২২।

সূত্র : বিডিজবস

স্নাতক পাসে নিয়োগ দেবে আরএফএল গ্রুপ

নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করেছে আরএফএল গ্রুপ। প্রতিষ্ঠানটিতে ‘শোরুম ম্যানেজার / ইনচার্জ – ওয়াকার ফুটওয়্যার এবং রেইনবো পেইন্টস’ পদে নিয়োগ দেওয়া হবে। আগ্রহী যোগ্য প্রার্থীরা অনলাইনে আবেদন করতে পারবেন।

পদের নাম

শোরুম ম্যানেজার / ইনচার্জ – ওয়াকার ফুটওয়্যার এবং রেইনবো পেইন্টস।

শিক্ষাগত যোগ্যতা

প্রার্থীকে যেকানো বিষয়ে স্নাতক পাস হতে হবে। প্রার্থীর বয়স ২০ থেকে ৩৫ বছর হতে হবে। পুরুষ এবং নারী প্রার্থীরা আবেদন করতে পারবেন।

কর্মস্থল

বাংলাদেশের যেকোনো স্থানে।

বেতন

১৫,০০০ – ২০,০০০/- (মাসিক)

আবেদনের প্রক্রিয়া

প্রার্থীরা বিডিজবস অনলাইনে আবেদন করতে পারবেন।

আবেদনের শেষ তারিখ

১৫ ফেব্রুয়ারি, ২০২২।

সূত্র : বিডিজবস

সারা দেশে নিয়োগ দেবে এসিআই

নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করেছে অ্যাডভান্সড কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ লিমিটেড (এসিআই)। প্রতিষ্ঠানটিতে ‘ফিল্ড মার্কেটিং এক্সিকিউটিভ’ পদে নিয়োগ দেওয়া হবে। আগ্রহী যোগ্য প্রার্থীরা লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে পারেন।

পদের নাম

ফিল্ড মার্কেটিং এক্সিকিউটিভ।

শিক্ষাগত যোগ্যতা

স্বীকৃত যেকোনো বিশ্ববিদ্যালয় থেকে যেকোনো বিষয়ে ন্যূনতম স্নাতক পাস প্রার্থীরা আবেদন করতে পারবেন। প্রার্থীর মাধ্যমিক পর্যন্ত বিজ্ঞান বিভাগ থাকতে হবে। অনূর্ধ্ব ৩০ বছর বয়স পর্যন্ত আবেদন করা যাবে।

কর্মস্থল

সারা দেশ (প্রতিষ্ঠান নির্ধারিত)।

বেতন

আলোচনা সাপেক্ষে।

আবেদনের প্রক্রিয়া

আগ্রহী প্রার্থীদের লিখিত ও মৌখিক পরীক্ষার জন্য নির্দিষ্ট তারিখে নিম্নোক্ত ঠিকানায় সকাল ১০ টার মধ্যে উপস্থিত হতে হবে।

ঠিকানা: নভো টাওয়ার, লেভেল-৫, ২৭০, তেজগাঁও ইন্ডাস্ট্রিয়াল এরিয়া, ঢাকা-১২০৮।

লিখিত ও মৌখিক পরীক্ষার তারিখ

১১ ও ১২ ফেব্রুয়ারি, ২০২২।

১০২ জনকে নিয়োগ দেবে ঢাকা মেডিকেল কলেজ

নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করেছে ঢাকা মেডিকেল কলেজ, ঢাকা। আটটি ভিন্ন ভিন্ন পদে মোট ১০২ জনকে নিয়োগ দেওয়া হবে। আগ্রহী যোগ্য প্রার্থীরা অনলাইনে আবেদন করতে পারবেন।

পদের নামঃ

[illegible], [illegible], [illegible] [illegible] [illegible], [illegible] [illegible], [illegible], [illegible], [illegible], [illegible] [illegible] [illegible]